# ইরান ইস্যুতে ইউরোপের দ্বিমুখী নীতির সমালোচনা আরাঘচির



ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। ছবি: সংগৃহীত

ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার ঘটনায় ইউরোপীয় দেশগুলোর নীতির সমালোচনা করেছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। তিনি বলেছেন, মানবাধিকার ও আইনের শাসনের কথা বলার পাশাপাশি ইরানের ওপর সামরিক হামলার বিষয়ে ইউরোপ নীরব থাকতে পারে না।

জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের ফাঁকে বুধবার (২৩ সেপ্টেম্বর) নিউইয়র্কে নেদারল্যান্ডসের পররাষ্ট্রমন্ত্রী টম দে ব্রুইনের সঙ্গে বৈঠক করেন আরাঘচি। পরে নিজের টেলিগ্রাম চ্যানেলে বৈঠকের তথ্য জানান তিনি। খবর আল-জাজিরার।

বৈঠকে মধ্যপ্রাচ্যের পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। এ সময় ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সামরিক কর্মকাণ্ডের বিষয়ে ইউরোপের দেশগুলোর নীরবতার সমালোচনা করেন আরাঘচি।

ইরানের পররাষ্ট্রমন্ত্রী বলেন, ইউরোপীয় দেশগুলো মানবাধিকার ও আইনের শাসনের কথা বলে আবার ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সামরিক হামলার বিষয়ে চুপ থাকতে বা তা সমর্থন করতে পারে না।

বৈঠকে টম দে ব্রুইন কূটনীতির মাধ্যমে চলমান সংকটের সমাধানের ওপর গুরুত্ব দেন। পাশাপাশি ইরান-ইউরোপ সম্পর্ক ও যোগাযোগ এবং আঞ্চলিক পরিস্থিতি নিয়ে নেদারল্যান্ডসের অবস্থান তুলে ধরেন তিনি।

LENS ASIA